

পাহারাদার

ধবংসত্বপের ভেতর পড়ে পড়ে ঘুমাই, কেবল ঘুমাই--
মৃত্যুর সাথে ঘুরে ঘুরে আরেক মৃত্যুর কাছে নিজেকে সঁপে দিই।
টিমটিমে বাতি জ্বলে এখানে একাই থাকি
আমি জবুথবু পাহারাদার।
বসে ভাবি, মানুষেরা আবার আসবে ফিরে সাথে করে
নবাগত শিশুদের দল।
সীমানা ঐঁকে নিয়েছি ছোট করে। চলাফেরা কম।
বনফুলের সাথে কথা বলি, গান গাই আর আকাশ দেখি
এবং ঘুমের পর শয্যা ছাড়তেই নিঃসঙ্গ আত্মা থেকে
ঝুরঝুর করে নোনা ঝরে পড়ে।
আমি সযত্নে নোনা সরাই, কড়ি-বর্গা মেরামত করি
প্রতিদিন, প্রতিদিন।
বসে ভাবি, মানুষেরা আবার আসবে ফিরে সাথে করে
নবাগত শিশুদের দল।

ফয়জুল ইসলাম

